দৈনিক ইত্তেফাক

তারিখ 23 AUG 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

২৩

# কুমিল্লা বোর্ডের স্থগিত এসএসসি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

কুমিল্লা বোর্ডের স্থগিত ঘোষিত এসএসসি পরীক্ষা গতকাল (বৃহ-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ড

(১ম পৃঃ পর)

স্পতিবার) শুরু হইয়াছে। গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা। ইত্তেফাক সংবাদদাতাগণ জানান, কুমিল্লা বোর্ডে এস এস সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে দাউদকান্দি, গৌরিপুর ও হাসানপুর কেন্দ্র হইতে ২৪১ জন এবং লক্ষ্মীপুর জেলার ৪টি কেন্দ্র হইতে ৫৭ জন পরীক্ষার্থীকে ও রামগঞ্জ কেন্দ্র হইতে নকলে সহযোগিতা করায় একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়। কুমিল্লা জেলার ১২টি কেন্দ্রে ৫৬৮ জন বহিষ্কৃত হয়। ব্রাহ্মণপাড়া কেন্দ্র হইতে দুইজন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

বেগমগঞ্জ হইতে ৫৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। ফেনী জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ১৩৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। সিলেট জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ৪৮ জনকে বহিষ্কার করা হইয়াছে।

চাঁদপুর জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ২৭ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।